উক্ত ফলাফলগুলি অডিট কমিটি কর্তৃক পর্যালোচনা করা হয়েছে এবং ১৪ই আগস্ট, ২০২৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড অফ ডিরেক্টরস-এর সভায় অনুমোদিত হয়েছে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিবরণীটি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত রয়েছে, যেমন-www.bseindia.comwww.cse-india.com) এবং কোম্পানির নিজস্ব ওয়েবসাইটে (www.ntcind.com) পাওয়া যাবে।

স্থানঃ কলকাতা
তারিখঃ ১৫.০৮.২০২৬

বোর্ডের পক্ষে ও হয়ে
স্বাক্ষর /-
অভিজিৎ মাইতি
ব্যবস্থাপনা পরিচালক
DIN: 10456O5O

অ্যালায়েন্স উদ্যোগ লিমিটেড

১৮, নেতাজি সুভাষ রোড, কলকাতা-৭০০০০১
ফোনঃ ২২৩০৯০৯৫
ই-মেইলঃ allianceudyog@gmail.com
CIN : L70100WB1895PLC001021

৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য নিরীক্ষাবিহীন একক আর্থিক ফলাফলের সারাংশ

(হাজার টাকায়)

ক্রম নং	বিবরণ	স্বতন্ত্র			
		ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৬ (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত)
১.	পরিচালন হতে মোট আয়	৩৯৪৮.০০	৫৪২৩.৪০	৪৫১৮.০০	২০৬৪৭.৮০
২.	আলোচ্য সময়ের নিট মুনাফা(লোকসান) (কর, ব্যতিক্রমী এবংঅথবা অসাধারণ বিষয়সমূহ-এর পূর্বে)	৩৩৪৬.৪৫	৫২৯৪.৭০	৭২৭.১১	১৮৭৮০.১২
৩.	কর-পূর্ব নিট মুনাফা(ক্ষতি)(অস্বাভাবিক এবংঅথবা অসাধারণ বিষয়সমূহ-এর পরবর্তী)	৩৩৪৬.৪৫	৫২৯৪.৭০	৮১৬.৮৩	১৮৮৬৯.৮৪
৪.	আলোচ্য সময়ের নিট মুনাফা(ক্ষতি)কর পরবর্তী (ব্যতিক্রমী এবংঅথবা অসাধারণ বিষয়সমূহ-এর পর)	৩৩৪৬.৪৫	৫২৯৪.৭০	-৩৪৫৩.৩৬	১৪৫৯১.১৯
৫	মোট সামগ্রিক আয় সময়কালের মুনাফা (ক্ষতি) (কর-পরবর্তী) এবং অন্যান্য সামগ্রিক আয় (কর-পরবর্তী) নিয়ে গঠিত	২৩৩,৩৩৮.৫১	২২,৪৬৪.৪০	-২৩,১৯০.২৫	৬২,৬০২.৭৯
৬.	ইকুইটি শেয়ার মূলধন	৬০০০.০০	৬০০০.০০	৬০০০.০০	৬০০০.০০
৭.	অন্যান্য ইকুইটি (পুনর্মূল্যায়নসংরক্ষিত তহবিল ব্যতীত)	৭৯৪৩৬৭.৫৮	৭২৮৭৭৯.৮৩	৭৯৪৩৬৭.৫৮	৭৯৪৩৬৭.৫৮
৮.	শেয়ার প্রতি আয়(প্রতিটি ১০ /-টাকা মূল্যের) (চলমান ওবন্ধ হয়ে যাওয়া কার্যক্রমের জন্য) - (ক) মৌলিক	৫.৫৮	৮.৮২	-৫.৭৬	২৪.৩২
	(খ) লঘুকৃত	৫.৫৮	৮.৮২	-৫.৭৬	২৪.৩২

দ্রষ্টব্যঃ
(ক) উপরোক্ত ফলাফলসমূহ অডিট কমিটি কর্তৃক পর্যালোচনা করা হয়েছে এবং ১৪ই আগস্ট, ২০২৬ তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে।
(খ) উপরোক্ত তথ্যটি সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জগুলোতে দাখিলকৃত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি সারাংশ। ত্রৈমাসিকবার্ষিক আর্থিক ফলাফলের পূর্ণাঙ্গ বিবরণী স্টক এক্সচেঞ্জ এবং সিএসই লিমিটেড (CSE Limited)-এর ওয়েবসাইটে (www.cseindia.com) পাওয়া যাবে।

স্থানঃ কলকাতা
তারিখঃ ১৪.০৮.২০২৬

বোর্ডের আদেশক্রমে
স্বাক্ষরিত ।-অরুণ কুমার লোহিয়া
পরিচালক
DIN: 00613114

ফাউন্ড্রি ফুয়েল প্রোডাক্টস লিমিটেড

কর্পোরেট শনাক্তকরণ নম্বরঃ L50500WB1964PLC026053
নিবন্ধিত কার্যালয়ঃ ৭সি, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড,
থানাঃ শেক্সপিয়র সরণি, কলকাতা- ৭০০০১৭
ওয়েবসাইটঃ www.foundryfuel.co.in, ইমেলঃ foundryfuel@gmail.com
টেলিফোন নম্বরঃ ০৩৩-৪০৬৬ ৮০৭২

ত্রৈমাসিকের নিরীক্ষাবিহীন আর্থিক ফলাফলের সারাংশ ৩০শে জুন ২০২৬ তারিখে সমাপ্ত

(লক্ষ টাকায়)

বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত ৩০শে জুন ২০২৬	ত্রৈমাসিক সমাপ্ত ৩১শে মার্চ ২০২৬	ত্রৈমাসিক সমাপ্ত ৩০শে জুন ২০২৫	ত্রৈমাসিক সমাপ্ত ৩১শে মার্চ ২০২৬
	অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত
পরিচালন-জনিত মোট আয়	-	-	-	-
আলোচ্য সময়ের নিট মুনাফা (ক্ষতি)(কর এবংঅথবা অসাধারণ বিষয়সমূহের পূর্বে)	(৫.১২)	(১২.২৫)	(৪.০৪)	(২৫.৭৬)
নিট মুনাফা (ক্ষতি)কর-পূর্ব (অস্বাভাবিক বা বিশেষ আইটেমসমূহ সমন্বয়ের পর)	(৫.১২)	(১২.২৫)	(৪.০৪)	(২৫.৭৬)
নিট মুনাফা (ক্ষতি)কর-পরবর্তী (অস্বাভাবিক বা বিশেষ বিষয়সমূহ সমন্বয়ের পর)	(৫.১২)	(১২.২৫)	(৪.০৪)	(২৫.৭৬)
এই সময়ের জন্য মোট সামগ্রিক আয় এই সময়ের মুনাফা(ক্ষতি)(কর-পরবর্তী) এবং অন্যান্যসামগ্রিক আয়(কর-পরবর্তী)নিয়ে গঠিত	(৫.১২)	(১২.২৫)	(৪.০৪)	(২৫.৭৬)
পরিশোধিত ইকুইটি শেয়ার মূলধন(বাজেয়াপ্ত শেয়ারসহ)	৮০১.৯৪	৮০১.৯৪	৮০১.৯৪	৮০১.৯৪
সংরক্ষিত তহবিল (পুনর্মূল্যায়ন তহবিল ব্যতীত)				(৯৫১.৯৭)
শেয়ার প্রতি আয়(প্রতিটি ১০ /- টাকা মূল্যের) চলমান ওবন্ধ হয়ে যাওয়া কার্যক্রমের জন্য ১. মৌলিক	(০.০৬)	(০.১৫)	(০.০৫)	(০.৩২)
২. লঘুকৃত	(০.০৬)	(০.১৫)	(০.০৫)	(০.৩২)

দ্রষ্টব্যঃ
১. উপরে উল্লিখিত তথ্যটি ৩০শে জুন ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের নিরীক্ষাবিহীন আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি সারাংশ মাত্র, যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্ট স) রেগুলেশনস, ২০১৫ (সংশোধিত)-এর ৩৩ নম্বর প্রবিধান অনুযায়ী স্টক এক্সচেঞ্জে দাখিল করা হয়েছে। আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিবরণ www.bseindia.com এবং কোম্পানির নিজস্ব ওয়েবসাইট www.foundryfuel.co.in-এ পাওয়া যাবে।
২. উপরে উল্লিখিত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি কর্তৃক পর্যালোচনা করা হয়েছে এবং ১৩ই আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে।
৩. উপরে উল্লিখিত আর্থিক ফলাফলগুলি সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (SEBI)-এর নির্দেশিকা এবং কোম্পানি আইন, ২০১৩-এর ১৩৩ নম্বর ধারার অধীনে নির্ধারিত ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস Ind AS অনুযায়ী প্রস্তুত করা হয়েছে।

ফাউন্ড্রি ফুয়েল প্রোডাক্টস লিমিটেড-এর
পরিচালনা পর্ষদের পক্ষে ও তাঁদের হয়ে
নিকেশ ওসওয়াল
পরিচালক
DIN 07895357

স্থান ঃ মুম্বাই
তারিখঃ ১৩ই আগস্ট, ২০২৬

VEDIKA CREDIT CAPITAL LIMITED

(CIN : U67120WB1995PLC069424)

Regd Office: C/O Mr. Subir Dhara, Village - Choto Khataliya, P.O .- Shiuli Telini Para, Dist. - 24 North Parganas, P.S .- Titagar, West Bengal - 700121
Tel: 9135001217, 18001236018 (Toll free), **Website:** www.teamvedika.com

STATEMENT OF UN-AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2026

(Amount in Rs. In lakhs)

S. No.	Particulars	Quarter ended Jun 30, 2026 (Unaudited)	Quarter ended Mar 31, 2026 (Audited)	Quarter ended Jun 30, 2025 (Unaudited)	Year ended March 31, 2026 (Audited)
1	Total Income from Operations	8,769.99	10,241.54	6367.71	32370.88
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional, and/or Extraordinary items)	1329.72	1081.24	1156.57	4279.94
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	1329.72	1081.24	1156.57	4279.94
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	1164.71	1007.82	877.47	3553.46
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	1164.71	1007.82	877.47	3553.46
6	Paid up Equity Share Capital	3709.52	3709.52	3709.52	3709.52
7	Security Premium Account	14867.60	14867.60	14867.60	14867.60
8	Reserves (excluding Revaluation Reserve)	14253.41	13290.97	10743.52	9866.06
9	Net Worth	32830.53	31868.09	29320.64	31868.09
10	Paid up Debt Capital / Outstanding Debt	154962.19	148072.23	97438.38	148072.23
11	Outstanding Redeemable Preference Shares	NIL	NIL	NIL	NIL
12	Debt Equity Ratio	4.72	4.65	3.32	4.65
13	Annualized Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) -				
	1. Basic:	3.14	2.72	2.37	9.58
	2. Diluted:	3.14	2.72	2.37	9.58
14	Capital Redemption Reserve	Not Applicable	Not Applicable	Not Applicable	Not Applicable
15	Debenture Redemption Reserve	Not Applicable	Not Applicable	Not Applicable	Not Applicable
16	Debt Service Coverage Ratio	Not Applicable	Not Applicable	Not Applicable	Not Applicable
17	Interest Service Coverage Ratio	Not Applicable	Not Applicable	Not Applicable	Not Applicable

Figures for the quarter ended are not annualized.

Notes:
1. The above is an extract of the detailed format of quarterly financial statements filed with the stock exchange under Regulation 52 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.
2. For the other line items referred in regulation 52 (4) of the LODR Regulations, pertinent disclosures have been made to the Stock Exchange i.e. NSE Limited and can be accessed on the websites of the BSE Limited **www.bseindia.com** and website of the company.

For and on behalf of the Board of Directors
Vedika Credit Capital Limited
Vikram Jain
(Whole Time Director)
DIN: 00367570

Place : Ranchi
Date : 14 Aug 2026

ক্রিপ্টন ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN: L25199WB1990PLC048791

নিবন্ধিত কার্যালয়ঃ বঙ্গনগর, ডায়মন্ড হারবার রোড, ফলতা, ফতেপুর (দক্ষিণ ২৪ পরগনা),পশ্চিমবঙ্গ - ৭৪৩ ৫১৩, ভারত
প্রধান কার্যালয়ঃ ৪১০, বর্ধন বিল্ডিং, ২৫এ, ক্যামাক স্ট্রিট, কলকাতা - ৭০০ ০১৬

৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের নিরীক্ষাবিহীন আর্থিক ফলাফলের সারাংশ

(লক্ষ টাকায়)

ক্রম নং	বিস্তারিত বিবরণ	স্বতন্ত্র			একত্রিত		
		ত্রৈমাসিক সমাপ্তি ৩০.০৬.২০২৬ (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্তি ৩০.০৯.২০২৫ (অনিরীক্ষিত)	বছর সমাপ্ত ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্তি ৩০.০৬.২০২৬ (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্তি ৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত)	বছর সমাপ্ত ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত)
১.	কার্যক্রম থেকে মোট আয় (নিট)	১,১১৬.৭২	১,০৯০.২৮	১,৬৭৮.৭৫	১,১১৬.৭২	১,০৯০.২৮	৫,২৪১.২২
২.	আলোচ্য সময়ের নিট মুনাফা(ক্ষতি)(কর,ব্যতিক্রমী ও অসাধারণ বিষয়সমূহ-এর পূর্বে)	৯৪.১৮	৭০.০৫	১৬০.১৮	৯৪.০৮	৭০.০৫	৪০৭.১৫
৩.	কর-পূর্ব নিট মুনাফা(ক্ষতি) (ব্যতিক্রমী ও অসাধারণ বিষয়সমূহ বিবেচনার পর)	৯৪.১৮	৭০.০৫	১৬০.১৮	৯৪.০৮	৭০.০৫	৪০৭.১৫
৪.	কর-পরবর্তী নিট মুনাফা(ক্ষতি) (ব্যতিক্রমী ও অসাধারণ বিষয়সমূহ বিবেচনার পর)	৭১.৬৮	৫৫.০৫	৭৬.৭২	৭১.৫৮	৫৫.০৫	২৬২.৩০
৫.	আলোচ্য সময়ের জন্য মোট সামগ্রিক আয় আলোচ্য সময়ের মুনাফাক্ষতি (কর-পরবর্তী) এবং অন্যান্য সামগ্রিক আয় (কর-পরবর্তী) সমন্বয়ে গঠিত	৭১.৬৮	৫৫.০৫	৭৬.৭২	৭১.৫৮	৫৫.০৫	২৬২.৩০
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন	১,৪৬৯.৭১	১,৪৬৯.৭১	১,৪৬৯.৭১	১,৪৬৯.৭১	১,৪৬৯.৭১	১,৪৬৯.৭১
৭.	পূর্ববর্তী হিসাব বছরের স্থিতিপত্রে প্রদর্শিত পুনর্বমূল্যায়ন সঞ্চিতি ব্যতীত অন্যান্য সঞ্চিতি	-	-	-	-	-	-
৮.	শেয়ার প্রতি আয় (চলমান ও বন্ধ হয়ে যাওয়া কার্যক্রমের বিষয়সমূহসহ) (প্রতিটির অভিহিত মূল্য ১০- টাকা)মৌলিক ও ডাইলুটেড (বার্ষিকীকৃত নয়)	০.৪৯	০.৩৭	০.৫২	০.৪৯	০.৩৭	১.৭৮

দ্রষ্টব্যঃ
ক) উপরে উল্লিখিত তথ্যটি ৩০শে জুন, ২০২৬-এ সমাপ্ত ত্রৈমাসিকের ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি সারাংশ, যা সেবি(লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিল করা হয়েছে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাসটি স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইটে (www.kryptongroup.com) পাওয়া যাবে। এছাড়া, নিচে দেওয়া কিউআর (QR) কোডটি স্ক্যান করেও এটি দেখা যেতে পারে।

স্থানঃ কলকাতা
তারিখঃ ১৪.০৮.২০২৬

বোর্ডের পক্ষে ও হয়ে
জয় সিং বারদিয়া
ব্যবস্থাপনা পরিচালক
DIN: 00467932

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

৩১ বর্ষ, দৈনিক ২৫৫ সংখ্যা, শনিবার , ২৯ শ্রাবণ, ১৪৩৩

শহিদ বাজি রাউত

স্বাধীনতা সংগ্রামের কনিষ্ঠতম শহীদ। আশ্বিনের রাতে মৃদুমন্দ বাতাসে নৌকোর ভিতরে চোখ লেগে এসেছিল ১২ বছরের ছেলেটার। আচমকা চাপা চিৎকারে ধড়মড়িয়ে উঠল। সামনে দাঁড়িয়ে ব্রিটিশ সাহেব আর গোরা পল্টন। হুকুম, পার করিয়ে দিতে হবে ব্রাহ্মণী নদী! কিন্তু সে ছেলে অনড়। হাজারো চোখরাঙানিতে কাজ হল না। অত্যাচারী ব্রিটিশ শাসকদের কাউকে সে নদী পার করিয়ে দেবে না। মুহূর্তের মধ্যে নৌকোতেই লুটিয়ে পড়ল তার নিথর দেহ। প্রথমে মাথায় বেয়োনেটের আঘাত। তারপর বুকে ও মাথায় গুলি। নৌকায় পড়ে রইল ১২ বছরের একটা ছোট্ট দেহ, পরাধীন ভারতের সর্বকনিষ্ঠ শহিদ বাজি রাউত। দিনটি ছিল ১৯৩৮ সালের ১১ই অক্টোবব। অকালমৃত্যুর দিনকয়েক আগেই ছিল তার জন্মদিন। তবে 'জন্মদিন' ঐ নামেই, অভাবের সংসারে নুন আনতে পান্তা ফুরায়। বাজির মা দিনভর পড়শিদের বাড়িতে ঢেঁকি পাড়তেন। তবেই ঘরে আসত সামান্য খুদকুঁড়ো। ওড়িশার ঢেঙ্কানল জেলার প্রত্যন্ত গ্রাম ভুবনের এক হতদরিদ্র পরিবারে ১৯২৬ সালের ৫ই অক্টোবর জন্ম হয়েছিল বাজি-র। বাবা ছিলেন নীলকণ্ঠপুর ঘাটের মাঝি। ব্রাহ্মণী নদী পারাপার করত তাঁর নৌকো। পারানি যা পেতেন তাতে সংসারের অভাব দূর হত না। স্ত্রী-সন্তানকে আরও অকূল পাথারে ফেলে চোখ বুজলেন নীলকণ্ঠপুর ঘাটের মাঝি। অপটু হাতে বৈঠা ধরা ছাড়া আর কোনও উপায় থাকল না বাজির কাছে। শুধু নদীঘাটের নয়, ছোট্ট বাজি-ই হয়ে উঠল সংসারের কান্ডারি। সে সময় ঢেঙ্কানলের দেশীয় রাজা ছিলেন শঙ্করপ্রতাপ সিংহদেও। তাঁর অত্যাচারে খাজনা যোগান দিতে গিয়ে নাভিশ্বাস উঠত সাধারণ প্রজাদের। ধীরে ধীরে তাঁর বিরুদ্ধে ক্ষোভ পুঞ্জীভূত হচ্ছিল। সাধারণ মানুষের পাশে দাঁড়াতে এগিয়ে এলেন কমিউনিস্ট মন্ত্রে দীক্ষিত ঢেঙ্কানলের বৈষ্ণবচরণ পট্টনায়ক। হরমোহন পট্টনায়কের সঙ্গে মিলে তিনি তৈরি করলেন প্রজামণ্ডল আন্দোলন। তার অংশ হিসেবে এল বানরসেনা। স্থানীয় বালক ও কিশোরদের নিয়ে তৈরি সেই সংগঠনের কাজ ছিল নজরদারি। সংগঠনের সদস্য ছিল বাজি রাউতও। আন্দোলনের সঙ্গে পাল্লা দিয়ে বাড়তে লাগল শাসকের অত্যাচারও। জারি হল রাজভক্ত কর। যারা দিত না, হাতির পায়ের তলায় গুঁড়িয়ে দেওয়া হত তাঁদের কাঁচাবাড়ি। অত্যাচার আরও নির্মম করতে ঢেঙ্কানলের শাসকের সঙ্গে যোগ দিলেন স্থানীয় আরও কিছু শাসক। কলকাতা থেকে ২৫০ বন্দুকধারী সেনা পাঠাল ব্রিটিশ সরকার। ভুবন গ্রামে শুরু হল পাগলের মতো তল্লাশি। হরমোহন পট্টনায়কের সন্ধানে। ঘরে ঘরে জেরা, তথ্য চাই তাঁর সম্বন্ধে। কিন্তু নির্যাতনের মুখেও গ্রামবাসীদের মুখে কুলুপ। ব্রিটিশদের কাছে খবর ছিল, গ্রামেই লুকিয়ে আছেন হরমোহন। বৈষ্ণবচরণ ছিলেন রেলকর্মী। তিনিও ব্রিটিশদের কাছে অধরা ছিলেন। ব্রিটিশদের কাছে খবর এল, ব্রাহ্মণী নদী পেরিয়ে পালিয়েছেন হরমোহন। সেইমতো নীলকণ্ঠপুর ঘাটে বাঁধা বাজির নৌকোর কাছে পৌঁছল তারা। বাজির উপর দায়িত্ব ছিল ঘাটের চারপাশে নজরদারি। সে নদী পার করানোর বদলে মৃত্যুবরণ করল। মৃত্যুর আগে শেষ প্রাণবিন্দু অবধি সে চিৎকার করে গ্রামবাসীদের সতর্ক করেছিলগ্ন ব্রিটিশ সেনারা ছত্রভঙ্গ করতে গুলিবৃষ্টি করে।

অভিনেত্রী মলিনা দেবী

আজও অমলিন মলিনা। মলিনা দেবীর জন্ম ১৯১৬ অথবা ১৯১৭ সালে, কলকাতায় হয়। তাঁর আসল নাম ছিল মলিনমালা। মলিনা দেবী আট বৎসর বয়সে কলকাতার নাট্যমঞ্চে সখীদের নাচের দলে তাঁর কর্মজীবন আরম্ভ করেন। মিনার্ভা থিয়েটারে 'কিন্নরী', 'মিশরকুমারী' বিবিধ নাটকের পরে একসময় মনমোহন থিয়েটারে বিশেষত বালক চরিত্রে অভিনয় করতে আরম্ভ করেন। এর পরে তিনি চলচ্চিত্রে অভিনয় আরম্ভ করেন ও ১৯৩০ সালে মুক্তিপ্রাপ্ত ছবি শ্রীকান্ত-তে তাঁকে একটি ছোট চরিত্রে দেখা যায়। নিউ থিয়েটার্সের প্রযোজনায় নির্মিত চিরকুমার সভা ছবিতে তিনি নির্মলার পার্ট করেন, এরপর দীর্ঘদিন নিউ থিয়েটার্সের সাথে যুক্ত থাকেন। সেখানেই তিনি নাচের অতিরিক্ত তালিম নেন ও নৃত্যবহুল বেশ কিছু ছবি যেমন মীরাবাঈ ও মহুয়া-তে মুখ্য চরিত্রে অভিনয় করেন। ১৯৩৬ সালে তিনি অভিনয় করেন প্রমথেশ বড়ুয়া পরিচালিত গৃহদাহ ছবিতে ও ১৯৩৮ সালে প্রফুল্ল রায়ের অভিজ্ঞান। একই সাথে হিন্দি ছবি অভাগীন-এও মূল চরিত্রে অভিনয় করেন। এর পরে তিনি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কাহিনী অবলম্বনে নির্মিত বড়দিদি ছবিতে বিপুল সাফল্য লাভ করেন। একই সময় তিনি পার্শ্বচরিত্রেও অভিনয় করেন ও রজত জয়ন্তী ছবিতে উল্লেখযোগ্য কাজ করেন। ১৯৪০ সালে নিউ থিয়েটার্সের বাণিজ্যিক পরিকাঠামো বদলের পরে তিনি অন্যান্য প্রযোজনা সংস্থা দ্বারা নির্মিত ছবিতে অভিনয় আরম্ভ করেন। পরপর অনেকগুলি ছবিতে তিনি একই ছবির বাংলা ও হিন্দি সংস্করণে মুখ্য চরিত্রে রূপদান করেন। এর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য রামের সুমতি ও বিন্দুর ছেলে। মা অথবা বউদি রূপে গুরু গম্ভীর সিরিয়াস চরিত্রের পাশাপাশি তাঁকে কমেডি ছবিতে বা খলনায়িকার ভূমিকাতেও দেখা গেছে।

১৯৫৩ সালে মুক্তিপ্রাপ্ত কমেডি ছবি সাড়ে চুয়াত্তরে তিনি তুলসী চক্রবর্তীর বিপরীতে এক অবিস্মরণীয় ভূমিকায় অভিনয় করেন, যা আজও বাংলা চলচ্চিত্রের দর্শকদের কাছে সমাদৃত। ১৯৫৫ সালে তিনি রাণী রাসমণি ছবিতে মুখ্য চরিত্রে সাড়াজাগানো অভিনয় করেন। তাঁর বিপরীতে গুরুদাস বন্দ্যোপাধ্যায় শ্রীরামকৃষ্ণের পার্ট করেন। পরবর্তীকালে বহুবার তাঁকে মঞ্চ ও পর্দায় রাণী রাসমণির ভূমিকায় দেখা যায়। সমকালে 'নিষ্কৃতি', 'ছোট বৌ', 'মেজো বৌ', 'অন্নপূর্ণার মন্দির', 'মহাকবি গিরিশচন্দ্র', 'নীলাচলে মহাপ্রভু', 'সাত পাকে বাঁধা' উল্লেখযোগ্য ছবি।

শ্রীশ্রীঅনুকূল ঠাকুর



ঠাকুর শ্রীশ্রীঅনুকূলচন্দ্র বলেন যে মনের শক্তি দিয়ে লাভ করতে হবে। সামাজিক শক্তিকে সবল করতে হবে। পারিবারিক শক্তির বিকাশ ঘটাতে হবে। মাতৃশক্তির পূর্ণ বিকাশ এই সময়ে দেখতে পাওয়া সম্ভব হয়েছে। মা ভবতারিণী পরম সত্যের উপাসক। মায়ের ভক্ত হলে তবেই শক্তি অর্জন করা সম্ভব। তিনি আরও বললেন, মা জাগতিক শক্তি অর্জন করতে পেরেছেন। মা ভবতারিণী তাঁর সন্তানদের শক্তি দিয়ে থাকেন। মায়ের শক্তির অন্যতম অংশ হল তাঁর সন্তান। মাতা তাঁর সন্তানদের শক্তি দিয়ে থাকেন। প্রকৃত শিক্ষার মধ্যে শক্তি নিহিত।

ঠাকুর রামকৃষ্ণদেব

শ্রীশ্রী ঠাকুর রামকৃষ্ণ আধ্যাত্মিকতা

ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, সত্যের বিকাশ করতে হবে। জ্ঞানের বিকাশ করতে হবে। প্রাণের বিকাশ করতে হবে। মানব শক্তি হচ্ছে এই জগতের সবচেয়ে বড় শক্তি। এই শক্তিকে উন্নয়নের কাজে ব্যবহার করতে হবে। মানুষের বিপদের সময়ে গিয়ে পাশে দাঁড়াতে হবে। নিজের মনকে সম্পদশালী করতে হবে। পিছনে দিকে তাকালে চলবে না। সব সময়ে সমানে দিকে তাকিয়ে চলবে হবে। বিপদের সঙ্গে মোকাবিলা করতে হবে। তাদেরকে পরাস্ত করতে হবে। জয়ী হওয়ার বাসনা নিয়ে এগিয়ে যেতে হবে। মায়ের কাছ থেকে সেই শক্তি গ্রহণ করতে হবে। মা সরদা সেই শক্তি সবাইকে দিয়ে থাকেন। স্বামী বিবেকানন্দকে তিনি জয়ী হওয়ার শক্তি দিয়েছিলেন। শত্রুকে পরাস্ত করার শক্তি দিয়েছিলেন। নিজেকে প্রতিষ্ঠিত করার শক্তি তিনি দিয়েছিলেন। মা সারদা কাউকে নিরাশ করেননি। তিনি সবাইকে সমানভাবে শক্তি দিয়েছেন। শক্তিকে সঞ্চয় করে তাকে সঠিকভাবে ব্যবহার করাটা জানতে হবে।

বিপ্লবী অরবিন্দ ও গুপ্ত সমিতি

অভিজিৎ ব্যানার্জি

১৮৯৯ সালে জাপানী চিত্রশিল্পী ওকাকুরা এসেছিলেন ভারত সফরে। কলকাতায় সেই সময়ে সংস্কৃতি কেন্দ্র ছিল জোড়াসাঁকোর ঠাকুর বাড়ি। বাংলার নবজাগরণে ক্ষেত্রে এই বাড়ির ভূমিকা প্রণিধান যোগ্য। তিনি কলকাতায় এলে তাঁকে সম্বর্ধনা দেওয়ার ব্যবস্থা করা হয়। এই সভার আয়োজন করেছিলেন ব্যারিস্টার প্রমথনাথ মিত্র এবং তেঘড়িয়ার জমিদার শশীভূষণ রায় চৌধুরী। তরুণ কবি

দ্বিজেন্দ্রলাল রায় এবং সাহিত্যিক যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণও এই সভায় অংশ গ্রহণ করেছিলেন। সভায় উপস্থিত সকলের কাছে চিত্রশিল্পী ওকাকুরা একটি প্রশ্ন করেছিলেন, " ভারতের মহান ঐতিহ্য সত্ত্বেও আজ এদেশ পরাধীন কেন, আর সাহিত্যিকরাই বা কেন এ পরাধীনতা মোচনে নিশ্চিন্ত?" (অগ্নিযুগ)। এই মৃদু ভর্ৎসনা প্রমথনাথের মনকে আঘাত করে। সভার পরে তিনি শিল্পী ওকাকুরার সঙ্গে এই বিষয়ে আলোচনা করেন। এরপর দীর্ঘদিন ধরে এই বিষয়ে আলোচনা চলতে থাকলো। শেষ পর্যন্ত স্থির করা হল যে স্বাধীনতা অর্জনের জন্য আগে একদল শক্ত মানুষ তৈরি করতে হবে। এর ফলে দোল পূর্ণিমার দিন ১৯০২ সালে বিপ্লবী অনুশীলন সমিতি প্রতিষ্ঠিত হল। সভাপতি হলেন ব্যারিস্টার পি মিত্র। সহ সভাপতি হলেন ব্যারিস্টার চিত্তরঞ্জন দাস। তখন তিনি দেশবন্ধু রূপে পরিচিতি লাভ করেননি। কোষাধ্যক্ষ হলেন সুরেন্দ্রনাথ ঠাকুর, সম্পাদক হলেন সতীশচন্দ্র বসু। " Around 1900, the Atmonnati Samati of Calcutta started by Satish Mukherjee and Nibaran Bhattacharya grew into a revolutionary group under the leadership of Bipin Behari Ganguly. This group used to work in co-operation with the Anushilan Samati, which was founded in Calcutta in 1902 with barrister Pramatha Nath Mitra as president and Chittarajan Das and Aurobindo Ghosh (later Rrishi Aurobindo of Pancherry) as vice- presidents, and the Jugantar Dal, when it came into being as an off -stood of the Anushilan Samity in 1906 on the insistence of Aurobindo's maverick brother, Barin Ghosh. The Anushilan Samity formed a branch in Dacca in 1906, which soon emerged as an active and Independent organisation in 1907 under the able and charismatic leadership of Pulin Behari Das (1877-1949). There was another active revolutionary group- the Sarathi Yubak Mondali -that " was perhaps second only in importance to the Anushilan Samiti for the numbers of persons included in its ranks who actually took part in the crimes of violence" (Kolkata and its police A history of city police from Charnock's to present day, Page- 300-301)."

বিবেকানন্দ এই সমিতির সঙ্গে কোনও সম্পর্ক গড়ে তুলতে পারেননি। তার কারণ দুই তিন মাস পরেই স্বামীজী দেহত্যাগ করেছিলেন। কিন্তু তাঁর যোগ্য শিষ্যা ভগিনী নিবেদিতা এই গুপ্ত সমিতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিলেন। সমিতিতে বিভিন্ন সময়ে এসে যুবকদের স্বাধীনতা চেতনায় উদ্বুদ্ধ করতেন। সমিতির বিপ্লবী কাজকর্ম অব্যাহত রাখার জন্য স্বাধীনতা সংক্রান্ত নিজের সংগৃহীত থেকে দুশোটি মূল্যবান বই দিয়েছিলেন। অনুশীলন পরিচালক সমিতির পাঁচ জনের মধ্যে তিনি ছিলেন একজন। ১৯০৩ সালে গায়কোয়ার সারাজীরাও কর্তৃক আমন্ত্রিত হয়ে তিনি বরোদায় গিয়েছিলেন। ষ্টেশনে তাঁকে অভ্যর্থনা করে নিয়ে যাওয়ার জন্য যাঁরা এসেছিলেন তাঁদের মধ্যে অরবিন্দ একজন ছিলেন। বরোদাতে যে কদিন ছিলেন ভগিনী নিবেদিতা সেই ক'দিন বিপ্লবী আন্দোলন নিয়ে আলোচনা হতো। নিবেদিতা সেই সময়ে গায়কোয়াড়ের কাছে প্রস্তাব দিয়েছিলেন ভারতের সশস্ত্র বিপ্লবী সংগঠনে তাঁকে সাহায্য করতে হবে। তিনি বলেছিলেন, এ সম্পর্কে কোনও কথা বলতে গেলে অরবিন্দের মাধ্যমে তা করতে হবে। তবে শ্রীঅরবিন্দ বলেন, গায়কোয়াড় সায়জী রাও নিবেদিতার কথা শুনে মৌন ছিলেন এবং পরে অরবিন্দের নিকট এ প্রসঙ্গ কখনও উত্থাপন করেন নি।' এ প্রসঙ্গ শ্রীঅরবিন্দ বলেন যে নিবেদিতা বরোদায় গিয়েছিলেন কিনা তাঁর স্মরণ নেই। তবে তিনি সেখানে কয়েকদিন রাজকীয় অতিথি হিসাবে ছিলেন। এ প্রসঙ্গে অরবিন্দ লিখছেন-"We spoke of politics and other subjects. I was very much enamoured at the time of her book, 'Kali the mother' and I think we soke of that, she had heard, she said, that I was a worshipper of force, by which he meant that I belonged to the secret revolunary party like herslf. I was present at her interview with the Maharaja whom she invited to support the secret revolution. She told him that he could communicate with her through me. (Aurobindo on hemself and Mother P.97) " ভগিনী নিবেতাকে নিয়ে বিপ্লবী সমিতির প্রসঙ্গে শ্রীঅরবিন্দ আরও বলেন-"After I had started revolutionary work in Bengal through certain emissaries (যতীন্দ্রনাথ ও বারীন্দ্র), I went there personally to see and arrange things myself. I found a number of small groups of revolutationaries that had recently sprung into existance but all scattered and acting without reference to each other. I tried to unit them under a single organistation with the barrister P. Mitra as the leader of the revolution in Bengal and central council of five persons, one of them being Nevidita, was formed. The work under P. Mitra spread enormously and finally contained tens of thousnads of youngmen and the spirit of revolution spread by Barin's paper Yuganta became general in young generation. (Aurobindo on hemself and Mother) "

এখানে উল্লেখ করতে হচ্ছে যে এই প্রবন্ধটির লেখক সাংবাদিক রবীন্দ্রকুমার শীল বিশ্লেষণ ধর্মী ব্যাখ্যা দিয়ে আলোচনা করেছেন। তাঁর মতের সঙ্গে বহু পাঠকের মতের মিল নাও থাকতে পারে। অনেকেই ধারনা করে বৈপ্লবিক সংগঠন মহারাষ্ট্র থেকে বাংলায় এসেছিল। কিন্তু অরবিন্দ কথাতেই বুঝতে পারা গিয়েছে এটা সম্পূর্ণ সত্য নয়। শ্রীঅরবিন্দ বলেন, তিনি মহারাষ্ট্রের বৈপ্লবকি সংগঠনের সম্পর্কে আসেন ১৯০২-০৩ সালে। কিন্তু তার আগেই বাংলায় বিপ্লবী সংগঠন অনুশীলন সমিতি প্রতিষ্ঠিত হয়ে গিয়েছিল।

সুতরাং মহারাষ্ট্র সমিতিতে যোগ দেওয়ার পূর্বেই বাংলায় অনুশীলন সমিতি প্রতিষ্ঠা হয়ে গিয়েছিল সে সম্পর্কে কোনও সংশয় নেই। বারীন্দ্র কুমার এ সম্পর্কে সে কথাই বলেছেন। শ্রীঅরবিন্দের নির্দেশে যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রথমে বাংলায় আসেন এবং পি মিত্রের সভাপতিত্বে প্রতিষ্ঠিত অনুশীলন সমিতিতে যোগদান করেন। এ সম্পর্কে অরবিন্দ লিখছেন

-"It was not any of his friends in Boroda and in Bombay who went to Bengal on his behalf. His first emissary was a young Bengali who had by the help of Sri Aurobinda's friends in the Boroda Army enlisted as a trooper in the cavalry regiment inspite of the probihition by the British Government of the enlishment of any Bengali in army in India. This man was exccedingly energetic and capable, formed a first group in Calcutta which grew rapidly (afterwards many branches were established); He also entered into relations witrh P. Mitra and other revolutionaries already at work in the Province. He was afterwards joined by Barin who had in interval came to Baroda. (Aurobindo on hemself and Mother Page-28) "

শ্রীঅরবিন্দ যখন বরোদায় ছিলেন তখন তিনি নিবেদিতার কাছ থেকেই বিপ্লবী সংগঠন অনুশীলন সমিতির প্রতিষ্ঠার কথা ভাবতে শুরু করেন। মারাঠা এবং বাংলা একসঙ্গে যাতে সশস্ত্র আন্দোলন যাতে চলতে পারে সেই চেষ্টা হয়। ফলে গুপ্ত সমিতি চাঙ্গা হতে থাকে।

ভারতের স্বাধীনতা সংগ্রামে বাগবাজারের বিশেষ ভূমিকা

রানা চৌধুরী

১৪ আগস্ট ২০২৬। ঠিক ৭৯ বছর আগে, ১৯৪৭-এর ১৪ আগস্ট, কলকাতা দাঁড়িয়ে ছিল ইতিহাসের এক অদ্ভুত সন্ধিক্ষণে। একদিকে স্বাধীনতার প্রতীক্ষা, অন্যদিকে দেশভাগের আশঙ্কা ও সাম্প্রতিক সাম্প্রদায়িক হিংসার ক্ষত। আর সেই সময়েও উত্তর কলকাতার বাগবাজার, শোভাবাজার, শ্যাম বাজার, কুমোরটুলি, চিৎপুর, জোড়াসাঁকোর পুরনো প্রাসাদসম বাড়িগুলি নীরবে দাঁড়িয়ে ছিল, যেন কয়েক প্রজন্মের কলকাতার সাক্ষী হয়ে। আজকের ব্যস্ত রাস্তা, বাস, ট্রাম আর দোকানের আড়ালে লুকিয়ে থাকা এই বাড়িগুলি আসলে শহরের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঐতিহাসিক দলিলগুলির মধ্যে পড়ে।

উত্তর কলকাতার গুরুত্ব তৈরি হয়েছিল অনেক আগেই। চিৎপুরের প্রাচীন পথ উত্তর ও দক্ষিণ কলকাতার যোগাযোগের অন্যতম প্রধান অক্ষ ছিল, আর তার আশপাশে ধীরে ধীরে জমিদার, ব্যবসায়ী, শিল্পী, কারিগর ও শিক্ষিত মধ্যবিত্তদের বসতি গড়ে ওঠে। শোভাবাজার রাজবাড়ি সেই উত্থানের অন্যতম প্রতীক। রাজা নবকৃষ্ণ দেবের পরিবারের সঙ্গে যুক্ত এই বাড়ি শুধু বনেদি দুর্গাপুজোর জন্য বিখ্যাত নয়, ঔপনিবেশিক কলকাতায় নতুন বাঙালি অভিজাত শ্রেণির উত্থানেরও গুরুত্বপূর্ণ নিদর্শন। ১৮৯৭ সালে স্বামী বিবেকানন্দের বিদেশযাত্রা শেষে কলকাতায় প্রত্যাবর্তনের পর তাঁকে এখানে নাগরিক সংবর্ধনা দেওয়া হয়েছিল। অর্থাৎ এই বাড়ির উঠোনে ধর্ম, সমাজ ও শহরের জনজীবন একসময় একই সঙ্গে উপস্থিত ছিল। বাগবাজারের Basu Bati-র ইতিহাস আবার অন্য এক অধ্যায় খুলে দেয়। উনিশ শতকের শেষভাগে নির্মিত এই বিশাল বাড়ির স্থাপত্যে ইউরোপীয় প্রভাবের সঙ্গে বাঙালি বাড়ির ঠাকুরদালান, উঠোন ও পারিবারিক বিন্যাস পাশাপাশি দেখা যায়। ১৯০৫-এর বঙ্গভঙ্গ বিরোধী স্বদেশি আন্দোলনের সময় এই বাড়ির সঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুরের রাখিবন্ধন কর্মসূচি এবং স্বদেশি কর্মকাণ্ডের স্মৃতি জড়িয়ে আছে। আবার বাগবাজারের Bosepara Lane-এ ভগিনী নিবেদিতার বালিকা বিদ্যালয়ের সূচনা হয়েছিল ১৮৯৮ সালে। ফলে এই ছোট্ট ভৌগোলিক পরিসরেই একসময় জাতীয়তাবাদ, নারীশিক্ষা, ধর্মীয় পুনর্জাগরণ ও সামাজিক সংস্কারের একাধিক ধারার মিলন ঘটেছিল।

কিন্তু ১৪ আগস্ট ১৯৪৭-এর কলকাতাকে বুঝতে গেলে এই প্রাসাদগুলির বাইরের শহরটাকেও দেখতে হবে। আগের বছরের ভয়াবহ সাম্প্রদায়িক হিংসার স্মৃতি তখনও তাজা। স্বাধীনতার আগের রাত কলকাতায় তাই দিল্লির মতো শুধুই উৎসবের রাত ছিল না। মহাত্মা গান্ধী তখন বেলেঘাটায়, স্বাধীনতার আনুষ্ঠানিক উদযাপন থেকে দূরে, কারণ তাঁর কাছে স্বাধীনতার মুহূর্তের চেয়েও গুরুত্বপূর্ণ ছিল হিন্দু-মুসলমানের মধ্যে শান্তি ফিরিয়ে আনা। শহরের বহু মানুষ তখন আনন্দের প্রস্তুতি নিচ্ছেন, আবার অনেকের মনে দেশভাগ ও ভবিষ্যৎ নিয়ে গভীর অনিশ্চয়তা। সেই রাতেই ব্রিটিশ ভারতের শেষ অধ্যায় শেষ হয়ে স্বাধীন ভারতের জন্ম হতে চলেছিল, কিন্তু কলকাতা জানত, স্বাধীনতার সঙ্গে একটি বিভক্ত দেশের বাস্তবতাও আসছে।

১৪ আগস্ট ২০২৬-এ শোভা বাজার, বাগবাজার বা চিৎপুর দিয়ে হাঁটলে সেই রাতের কোনও সরাসরি শব্দ হয়তো শোনা যাবে না। কিন্তু পুরনো বারান্দা, খিলান, ঠাকুরদালান, কাঠের দরজা আর বিবর্ণ দেওয়ালগুলির দিকে তাকালে বোঝা যায়, এই শহর শুধু ভবন তৈরি করেনি, ইতিহাস জমিয়ে রেখেছে। এই বাড়িগুলি পলাশী থেকে স্বদেশি, বিবেকানন্দ থেকে নিবেদিতা, ঔপনিবেশিক কলকাতা থেকে ১৯৪৭-এর স্বাধীনতা, সবকিছুরই কোনও না কোনও পর্যায়ে সাক্ষী। তাই ১৪ আগস্টের এই দিনে উত্তর কলকাতার পুরনো বাড়িগুলিকে দেখা মানে শুধু heritage photography নয়, একটি প্রশ্নও, যে শহর এত ইতিহাসকে বাঁচিয়ে রেখেছে, সে কি তার শেষ কয়েকটি জীবন্ত ইতিহাসকেও বাঁচিয়ে রাখতে পারবে?

ভারতের স্বাধীনতা আন্দোলনে বাগবাজারের বিশেষ ভূমিকা রয়েছে। এইখান থেকে শুরু হয়েছিল ধর্মীয় আন্দোলন। সেই ধর্মীয় আন্দোল শুরু করেছিলেন ঠাকুর রামকৃষ্ণ। নাটাকার গিরিশ ঘোষ স্টার থিয়েটার নির্মাণ করার ব্যাপারে একটি বিশেষ ভূমিকা পালন করেছিল। এই স্টার থিয়েটারে বহু নাটক হয়েছিল ভারতের স্বাধীনতার ভাবধারা নিয়ে। বাগবাজারের নাম রয়েছে সারা ভারত জুড়ে। বাগবাজারের রসগোল্লা বাংলার সুনাম বৃদ্ধি করেছে। ভগিনী নিবেদিতা বাগবাজারে একটি মেয়েদের স্কুল খুলে ছিলেন। সেই স্কুলকে আরও বেশি করে উন্নত করতে রাজা সুবোধ মল্লিক অর্থ সাহায্য করেছিলেন। ভারতের স্বাধীনতা আন্দোলনকে আরও বেশি করে ত্বরান্বিত করতে স্থানীয় শিক্ষিত সমাজ এগিয়ে এসেছিল।

স্বাধীনতা সংগ্রামে মধ্য কলকাতা

রবীন্দ্রকুমার শীল

ভারতের স্বাধীনতা আন্দোলনে মধ্য কলকাতা ছিল বিপ্লবীদের ঘাঁটি। মধ্য কলকাতা শুধু বিপ্লবীদের ঘাঁটি হিসাবে ইতিহাসের পাতায় পরিচিত তা নয়, পাশাপাশি বাংলার

নবজাগরণে মধ্য কলকাতা গুরুত্বপূর্ণ স্থান হিসাবে ইতিহাসের পাতার উল্লেখ রয়েছে। মধ্য কলকাতায় গড়ে উঠেছে সংস্কৃত কলেজ, হিন্দু কলেজ, মেডিকেল কলেজ থেকে শুরু করে ভারত বিখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান। এই মধ্য কলকাতায় বসবাস করেছেন রাজা রামমোহন রায়, বিদ্যাসাগর, স্যার জেমস লং, আলেকজান্ডার ডাফ, ডেভিড হেয়ার, ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, দানবীর মতিলাল শীল, কেশব চন্দ্র সেন, রজনীকান্ত গুপ্ত, রাজা ঋষিকেশ লাহা, রাজা সুবোধ মল্লিক, মধুসূদন গুপ্ত, বিধানচন্দ্র রায় এর মতো আরও বহু বিখ্যাত মনীষীরা। মধ্য কলকাতাকে কেন্দ্র করে বাংলায় বিপ্লবী আন্দোলন গড়ে ওঠে। বিপ্লবীদের মধ্যে মধ্য কলকাতায় বসবাস করতেন অরবিন্দ ঘোষ, বিপিন বিহারী গাঙ্গুলী, অনুকূল মুখার্জি, গিরিন ব্যানার্জি, হরিশ সিকদার সহ জানা অজানা আরও বহু বিপ্লবীরা। মধ্য কলকাতার কানাই ধর লেন থেকে বিপ্লবীদের 'যুগান্তর' পত্রিকা প্রকাশিত হত। ভারতের বিপ্লবী আন্দোলনের সূচনা হয়েছিল মধ্য কলকাতা থেকেই। ১৯০৫ সালে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে রবীন্দ্রনাথ ঠাকুর মধ্য কলকাতায় বসু মল্লিকদের বাড়িতে এসে উপস্থিত হয়েছিলেন। সেখান থেকে বঙ্গভঙ্গ বিরোধী ছাত্র এবং ব্যক্তিদের নিয়ে কলেজ স্কোয়ারে (বর্তমান বিদ্যাসাগর উদ্যান) রবীন্দ্রনাথ উপস্থিত হয়ে এক মহামিছিল করেন। 'বাংলার মাটি বাংলা জল গান গাইতে গাইতে রাস্তা দিয়ে মহামিছিল এগিয়ে চলতে শুরু করে। সেই মিছিল বড় মসজিদ (নাখোদা মসজিদ) গিয়ে উপস্থিত হলে কবিগুরু সবার হাতে রাখি পরিয়ে দিয়েছিলেন। হিন্দু মুসলিম এক হয়ে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন গড়ে ওঠায় ব্রিটিশ সরকার ভীত হয়ে পড়ে। পরে সেই বঙ্গভঙ্গ বিরোধী মহামিছিল (হিন্দু মুসলিম এক হয়ে) বাগবাজারে বসু বাড়িতে গিয়ে উপস্থিত হয়। সেখানে সবাই প্রীতি ভোজনে অংশ গ্রহণ করে শপথ গ্রহণ করে যে বাংলাকে ভাগ হতে দেওয়া চলবে না। সিদ্ধান্ত নেওয়া হয় একদিন অরন্ধন দিবস পালন করা হবে বাংলা জুড়ে। কারোর বাড়িতে উনুন জ্বলবে না। রবীন্দ্রনাথ, রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, গুরুদাস বন্দ্যোপাধ্যায় সহ আরও বাংলার তৎকালীন দেশ নেতারা কলকাতা টাউন হলে বঙ্গভঙ্গ বিরোধী সভার আয়োজন করে ছিল। সেই সভায় উপেন্দ্র কিশোর রায়চৌধুরী এসরাজ বাজিয়ে ছিলেন রবীন্দ্রনাথের কণ্ঠে গানের সঙ্গে। মধ্য কলকাতা জুড়ে বাংলার বিপ্লবীদের ঘাঁটি তৈরি হতে থাকে। মধ্য কলকাতায় গড়ে উঠেছিল 'ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন' (ভারত সভা)। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে ভারত সভার সদস্যরা অংশ গ্রহণ করে। এই মধ্য কলকাতার বহু বাজারে গড়ে উঠেছিল 'ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দি ক্যালটিভেশন অব সায়েন্স'। এই সংস্থা তৈরি করে মহেন্দ্রলাল সরকার। বহুবাজারে প্রতিষ্ঠা হয়েছিল আরজি কর মেজিকেল কলেজ। মধ্য কলকাতায় ভারতের প্রথম মেডিকেল কলেজ স্থাপিত হয়েছিল। মধ্য কলকাতার ইতিহাস বিশাল। তা লিখে শেষ করা যাবে না।

এই বিপ্লব তীর্থে ১৭ নম্বর মির্জাপুর ট্যাঙ্ক লেনে (আধুনা ৩৬ নম্বর রজনী গুপ্ত রো) বাসভবনে ১৬ নভেম্বর ১৯১৪ সালে রাস পূর্ণিমার দিন পিতা হরিচরণ শীলের পঞ্চম সন্তান বিপ্লবী ভোলানাথ শীল জন্ম গ্রহণ করেন। ১৯১৪ সাল বাংলার বিপ্লবী আন্দোলনের সবচেয়ে উল্লেখযোগ্য সাল। এই সালে রডা কোম্পানির অস্ত্র লুণ্ঠন করেছিলেন শ্রীশ চন্দ্র, হরিদাস দত্ত, বিপিন বিহারী গাঙ্গুলী, গিরিন ব্যানার্জি সহ আরও অনেকে। রডা কোম্পানির মাউজার পিস্তল লুণ্ঠন করে জেলিয়াপাড়া লেনের ভুজঙ্গ ধরের বাড়িতে কিছু পিস্তল লুকিয়ে রাখা হয়েছিল। রাতারাতি সব পিস্তল বিপ্লবীদের কাছে বিতরণ করা হয়েছিল। বিতরণ করার দায়িত্বে ছিলেন বড়দা বিপ্লবী অনুকূল মুখার্জি।

স্বাধীনতা সংগ্রামী ভোলানাথ শীলের কথা লিখতে গিয়ে মনে পড়ে যায় সেই অতীত শৈশবের কথা। তখন আমরা থাকতাম ভূবন ধর লেনে। সেই ভুবন ধর লেন ছিল ১২৯, আমহার্ষ্ট স্ট্রিট (বর্তমানে রাজা রামমোহন রায় সরণি) পাশেই। ছোটবেলায় দোকনে থাকার সময়ে দেখতাম অনেক বিপ্লবীরা এসে উপস্থিত হতেন। একটা লম্বা কাঠের বেঞ্চি ছিল। সেখানে বসে সেই সব বয়স্ক বিপ্লবীরা দেশের কথা আলোচনা করতেন। কিন্তু দেশ নিয়ে এই সব বিপ্লবীদের কোনও রকম নিন্দা করতে শুনি নি। সবাই আলোচনা করতে যে যুগের পরিবর্তন ঘটে গিয়েছে। ভারত স্বাধীনতা লাভ করার আগে দেশের যে পরিস্থিতি ছিল দেশ স্বাধীনতা লাভ করার পর একেবারে পাল্টে গেল। ছোট বেলায় দেখতাম যে বিপ্লবী ইন্দ্রনাথ নন্দী এসে উপস্থিত হতেন। বাঁ হাতটা ছিল কাটা। কব্জি থেকে কাটা গিয়েছে। জানতে পারলাম বোমা বিস্ফোরণে তাঁর হাতটা কাটা গিয়েছে। তা নিয়ে তাঁর কোনও আক্ষেপ করতে শোনা যায় নি। কিন্তু ভেবে অবাক হয়ে যেতে হয় যে দেশ যখন স্বাধীনতা লাভ করলো তখন এই সব বিপ্লবীদের নাম করতে কাউকে দেখা গেল না। সবই বিপ্লবীদের ভুলে যেতে শুরু করেছে। বাংলায় যে বিপ্লবী আন্দোলন হয়েছিল তা নিয়ে কাউকে বেশি আলোচনা করতে দেখা যায় না। সবাই যে যার কাজে ব্যস্ত। দেশপ্রেম উধাও হয়ে গিয়েছে। এসে উপস্থিত হয়েছে স্বার্থকে গুছিয়ে নেওয়ার যুগ। সেই যুগটা এখনও চলছে। তবুও তার মধ্যে দেখা যায় দেশের স্বাধীনতা সংগ্রামী এবং বিপ্লবীদের নিয়ে বেশ কয়েকজন এখনও চর্চা করে চলেছে। ছোটবেলায় বিপ্লবী ইন্দ্রনাথ নন্দীকে দেখে আমার খুবই অবাক লাগতো। অবাক হয়ে তাঁর জীবন ত্যাগের কথা শুনতাম। ভাবত কী করে এত সাহস অর্জন করতো এই সব বিপ্লবীরা?

পশ্চিমবঙ্গের পুলিশদের সম্মান জানাবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী

শঙ্করলাল কর্মকার

পশ্চিমবঙ্গের সাহসী পুলিশদের স্বাধীনতা দিবসে সম্মান জানাবেন বর্তমান পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলে জানতে পারা গিয়েছে। যেসব পুলিশ অফিসার দক্ষ তাদের নামও ঘোষণা করা হয়েছে।

যাঁর নামেই কাঁপে অপরাধীরা, সেই মহিলা IPS-কে চেনে না মিডিয়া তিনি একজন মুখ্যমন্ত্রীকে গ্রেপ্তার করেছিলেন। শুনতে অবিশ্বাস্য লাগলেও এটাই সত্যি। কর্ণাটক ক্যাডারের আইপিএস অফিসার ডি রূপা মৌদগিলের কর্মজীবনের গল্প এমনই এক অধ্যায় দিয়ে ভরা, যা বহু মানুষের কাছে অজানা।

২০০০ সালে ইউপিএসসি সিভিল সার্ভিস পরীক্ষায় ৪৩তম স্থান পেয়ে আইপিএস হন রূপা। জেলা পুলিশ সুপার হিসেবে দায়িত্বে থাকাকালীন তিনি আদালতের নির্দেশে ২০ বছরের পুরনো একটি দাঙ্গার মামলায় তৎকালীন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী উমা ভারতীকে গ্রেপ্তার করেন। একজন মহিলা পুলিশ অফিসারের পক্ষে সরাসরি রাজ্যের শীর্ষ প্রশাসনিক প্রধানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া মোটেই সহজ ব্যাপার ছিল না, কিন্তু আইন সবার জন্য সমান ; এই বার্তাই সেদিন প্রতিষ্ঠিত করেছিলেন তিনি।

এরপর ২০১৭ সালে আর একবার জাতীয় স্তরে আলোচনায় আসেন রূপা। তামিলনাড়ুর প্রয়াত মুখ্যমন্ত্রী জয়ললিতার ঘনিষ্ঠ ভি কে শশিকলা তখন বেঙ্গালুরুর পারাপ্পানা আগ্রাহারা কেন্দ্রীয় কারাগারে বন্দি। জেল প্রশাসনের বিরুদ্ধে শশিকলাকে বিশেষ সুযোগ-সুবিধা দেওয়ার গুরুতর অভিযোগ তুলে রিপোর্ট জমা দেন রূপা, যা নিয়ে দেশজুড়ে শোরগোল পড়ে যায়। এই সততার মাশুলও তাঁকে দিতে হয়েছিল বদলির আকারে।

সব মিলিয়ে চাকরি জীবনের প্রায় ২০ বছরে ৪০ বারেরও বেশি বদলি হয়েছে তাঁর ; যা নিজেই বলে দেয়, সিস্টেমের সঙ্গে সততার লড়াই কতটা কঠিন হতে পারে। তা সত্ত্বেও ভয় না পেয়ে নিজের কাজ চালিয়ে গেছেন তিনি। রাজ্যের প্রথম মহিলা স্বরাষ্ট্রসচিব হওয়ার গৌরবও তাঁর ঝুলিতে। ২০১৬ সালে সাহসিকতার জন্য রাষ্ট্রপতি পুলিশ পদক পান তিনি। অথচ এমন একজন সাহসী অফিসারের কীর্তি নিয়ে মূলধারার মিডিয়ায় সেভাবে চর্চা হয় না বললেই চলে; যা নিয়ে সামাজিক মাধ্যমে প্রায়ই প্রশ্ন তোলেন নেটিজেনরা। **ছবি ঃ বুদ্ধদেব মিশ্র**

সরকারি বরাত না মিললেও দমেননি শিল্পীরা, 'জয় শ্রীরাম' ও পদ্মছাপ রাখির চাহিদায় ব্যস্ত কালনা

প্রসেনজিত দেবনাথ, পূর্বস্থলী, ১৪ আগস্ট ঃ রাখি পূর্ণিমার আর মাত্র কয়েক দিন বাকি। আর সেই উৎসবকে ঘিরে এখন চরম ব্যস্ততার

ছবি ধরা পড়ছে পূর্ব বর্ধমানের কালনায়। সরকারি রাখির বরাত এবারও মেলেনি। তবুও মুখে হতাশার ছাপ নেই রাখি শিল্পীদের। কারণ, বাজারে এবার ব্যাপক চাহিদা তৈরি হয়েছে 'জয় শ্রীরাম' লেখা এবং পদ্মফুলের ছাপ দেওয়া বিশেষ ধরনের রাখির। সেই চাহিদা সামলাতেই এখন দিন-রাত এক করে কাজ করছেন শিল্পীরা। সকাল থেকে গভীর রাত পর্যন্ত বাড়ি ও কারখানায় চলছে রাখি তৈরির কাজ। রঙিন সুতো, পুঁতি, জরি, কৃত্রিম ফুল ও নানা ধরনের অলংকার দিয়ে তৈরি হচ্ছে একের পর এক রাখি। উৎসব যত এগিয়ে আসছে, ততই বাড়ছে অর্ডারের সংখ্যা। ফলে বিশ্রাম নেওয়ার সময় পর্যন্ত পাচ্ছেন না শিল্পীরা। এবারের বাজারে সবচেয়ে বেশি নজর কেড়েছে 'জয় শ্রীরাম' লেখা রাখি এবং পদ্মফুলের নকশা করা রাখি। শিল্পীদের দাবি, এই দুই ধরনের রাখির চাহিদা এতটাই বেড়েছে যে কালনা থেকে বিপুল পরিমাণ রাখি পাঠানো হচ্ছে কলকাতায়। আর কলকাতার বাজার থেকে সেই রাখি পৌঁছে যাচ্ছে অযোধ্যায়। কালনার জগন্নাথতলা এলাকার কালনা উইভার্স আর্টিজেন অ্যান্ড ওয়েলফেয়ার সোসাইটিতেও এখন ব্যস্ততা তুঙ্গে। সংস্থার সম্পাদক তপন মোদক জানান, প্রতি বছর যুব কল্যাণ দপ্তরের মাধ্যমে সরকারি রাখির বরাত পাওয়া যেত। কিন্তু সরকার পরিবর্তনের পর বিভিন্ন দপ্তরের সঙ্গে যোগাযোগ করা হলেও এখনও পর্যন্ত সরকারি কোনও বরাত পাওয়া যায়নি। সরকারি কাজ না পাওয়ার কারণে কিছুটা আর্থিক ক্ষতির আশঙ্কা তৈরি হলেও বাজারের চাহিদা সেই হতাশাকে অনেকটাই দূর করে দিয়েছে। বিশেষ করে 'জয় শ্রীরাম' লেখা এবং পদ্মছাপ রাখির বিপুল চাহিদা শিল্পীদের নতুন করে আশাবাদী করে তুলেছে। তবে শুধু এই দুই ধরনের রাখিতেই সীমাবদ্ধ নেই কালনার বাজার। শিল্পীরা তৈরি করছেন নানা বৈচিত্র্যময় রাখি। রবীন্দ্রনাথ ঠাকুর, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, স্বামী বিবেকানন্দ এবং সারদা মাতার ছবি সংবলিত রাখিরও ভালো চাহিদা রয়েছে। পাশাপাশি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এবং শুভেন্দু অধিকারীর ছবি ব্যবহার করেও তৈরি করা হচ্ছে বিভিন্ন ধরনের রাখি। আধুনিক ডিজাইনের পাশাপাশি ঐতিহ্যবাহী নকশার রাখিও সমানভাবে জনপ্রিয় হয়ে উঠেছে। ফলে ক্রেতাদের জন্য রয়েছে নানান ধরনের বিকল্প। বাজারের এই বৈচিত্র্য শিল্পীদের ব্যবসায় নতুন মাত্রা যোগ করেছে। শিল্পীদের মতে, সরকারি বরাত থাকলে তুলনামূলকভাবে বেশি মজুরি পাওয়া যায়। তাই সরকারি কাজ না পাওয়ার আক্ষেপ তাঁদের মধ্যে রয়েছে। কিন্তু বাজারের বাড়তি চাহিদা সেই কষ্ট অনেকটাই ভুলিয়ে দিয়েছে। রাখি পূর্ণিমার আগে শেষ কয়েকদিনে অর্ডার আরও বাড়বে বলেই মনে করছেন শিল্পীরা। তাই এখন প্রতিটি মুহূর্ত কাজে ব্যস্ত তাঁরা। হাতে রঙিন সুতো, চোখে নতুন স্বপ্ন আর মনে ভালো রোজগারের আশা নিয়ে উৎসবের প্রস্তুতিতে মেতে উঠেছেন কালনার রাখি শিল্পীরা। সরকারি বরাত না থাকলেও বাজারের বরাতেই এখন প্রাণ ফিরে পেয়েছে কালনার রাখিশিল্প। শিল্পীদের আশা, এবারের রাখি উৎসব তাঁদের জীবনে নতুন সম্ভাবনার দুয়ার খুলে দেবে এবং ঘরে ঘরে পৌঁছে দেবে হাসি ও সমৃদ্ধির বার্তা।

অবৈধ মদের ঠেকে হানা পুলিশের গ্রেফতার ২

নিজস্ব প্রতিনিধি, দিঘা, ১৪ আগস্ট ঃ সৈকত শহর দিঘায় স্বাধীনতা দিবসের প্রাক্কালে পুলিশের অভিযান। অবৈধ মদের ঠেকে হানা দিল দিঘা থানার পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে একটি অবৈধ মদের আস্তানায় তল্লাশি চালায় পুলিশ। অভিযানে উদ্ধার হয়েছে বিপুল পরিমাণ অবৈধ মদ। ঘটনায় জড়িত থাকার অভিযোগে দু'জনকে গ্রেফতার করে দিঘা থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরেই ওই এলাকায় অবৈধভাবে মদ বিক্রির অভিযোগ আসছিল। সেই অভিযোগের ভিত্তিতেই বৃহস্পতিবার রাতে অভিযান চালানো হয়। উদ্ধার হওয়া মদ বাজেয়াপ্ত করার পাশাপাশি অভিযুক্তদের গ্রেফতার করা হয়েছে। এই অবৈধ মদ বিক্রির সঙ্গে আরও কেউ জড়িত রয়েছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। পুলিশ সূত্রে আরও জানা যায়, ওই অবৈধ মদের ঠেকে অভিযান চালিয়ে প্রায় ৪০০ লিটার বিলিতি মদ উদ্ধার করা হয়েছে। এই ঘটনায় দোকানের মালিক ও এক কর্মচারীকে হাতেনাতে গ্রেফতার করা হয়েছে। তাদের শুক্রবার কাঁথি আদালতে পাঠানো হয়েছে।

ক্যান্টিন সেবার হেতু ঠিকা প্রদান

জিইএম ডাক নং. জিইএম/২০২৬/বি/৭৮১১৯৫৭৭ তারিখঃ ১০-০৮-২০২৬। কাজের নামঃ ভারতের রাষ্ট্রপতির পক্ষে ও তরফ থেকে "ডিভিশনাল/মালদা টাউনে ০২ টি খাদ্য প্রস্তুতি সহ ক্যান্টিন পরিষেবা-শতাংশভিত্তিক মডেল"-এর ঠিকা প্রদানের জন্য প্রকৃত ঠিকাদারদের কাছ থেকে সিলবন্ধ জিইএম টেন্ডার দ্বারা আহ্বান করা হয়েছে। এলওএ প্রাপ্তির তারিখ থেকে ০২ (দুই) বছর ০১ দিনের মধ্যে কাজটি সম্পন্ন করতে হবে। কাজটির বিস্তারিত বিবরণ টেন্ডার প্র-পত্রে দেওয়া হয়েছে। কাজের আনুমানিক রাশিঃ ১৫,০০,০০০/- টাকা; বায়না রাশিঃ ৩০,০০০/- টাকা; টেন্ডার বন্ধের অন্তিম তারিখ এবং সময়ঃ ৩১-০৮-২০২৬ তারিখের ১৮.০০ ঘণ্টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্যাদি সহিত টেন্ডার প্র-পত্র www.gem.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

জ্যেষ্ঠ ডিইই/টিআরএস/মালদা টাউন
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

তিনসুকিয়া ডিভিশনে ইঞ্জিনিয়ারিং কাজ

টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ টিএসকে/ইএনজিজি/৪১ অফ ২০২৬, তারিখ ঃ ১২-০৮-২০২৬। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। আইটেম নং ১ ঃ কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ নর্থ লখিমপুর-মুরকংসেলেক (এসএলএ)-সিটিআর(পি)-২১.১০০ টিকিমি, টিএসআর(পি)-২১.০০০ টিকিমি এবং টিটিআর (এসএসএস-টিএসআর)-৫৪ সেট। টেন্ডার মূল্য ঃ ১৫,৩৭,৩২,৫৯৮/- টাকা; বায়না মূল্য ঃ ৩০,১৪,৭০০/- টাকা; টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ ০৩-০৯-২০২৬ তারিখ ১৫:০০ টায় এবং টেন্ডার খোলার সময় ১৫:৩০ টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ০৩-০৯-২০২৬ তারিখ ১৫:০০ টা পর্যন্ত http://www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (ওয়ার্কস), তিনসুকিয়া
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

GOVT OF WEST BENGAL
OFFICE OF THE SHYAMPUR-II PANCHAYAT SAMITY
SASATI, HOWRAH, 711312
Tender Ref No-WB/HOW/SHY-II/NIT-01/2026-27 Vide Memo No-336/Shy-II Dated-14/08/2026

On line e-Tender are Invited from Bonafide Contractor for this work. The details of Tender and Tender document will be made available on website **https://wbtenders.gov.in.** The last date of tender submission -**14.08.2026 at 5.00 PM.**

SD/-EXECUTIVE OFFICER
SHYAMPUR–II PANCHAYAT SAMITY
SASATI, HOWRAH, 711312

OFFICE OF THE PURULIA-I PANCHAYAT SAMITY
At-Chakda, Kotloi, Purulia, 723102.

Memo. No.354/EO/P-I Dated: 14/08/2026

Notice

Executive Officer, Purulia-I Panchayat Samity invites E-tender as follows: **NIeT No.- WBPUR/EO/Niet-01/26-27_dt.13.08.2026**, for 16 no.schemes **(Tender ID 2026_DM_5018616_1 to 2026_DM_5018616_16)** under 15th FC 25-26 within the jurisdiction of Purulia-I Panchayat Samity, Last Date of tender submission is 20.08.2026 up to 6-55 pm respectively. Details may be obtained from website: **https://tenders.wb.gov.in.**

Sd/-
Executive Officer
Purulia-I Panchayat Samity

NIT No. 02/BDO/MAN-I/2026- 27 (2nd call), 02/ EO/Man-I/ 2026-27 (2nd call) and 03/EO/Man-I/ 2026-27 on behalf of the Governor of West Bengal 03 (Three) nos. sealed tender consisting of 03 (Three) nos. for Construction of Different Development Schemes are invited by the Undersigned from the bonafied and resourceful agencies with sound technical and financial capabilities and having experience of similar types of works as mentioned in the N.I.T.

For detail of each group like Name of work, Eligibility criteria, Earnest money, Tender amount etc. may be viewed from **http//tenders.wb.gov.in** & office Notice Board in office hour. Last date of application for **NIT No. 02/BDO/MAN-I/2026-27(2nd call), 02/EO/ Man-I/ 2026-27(2nd call) and 03/EO/Man-I/2026-27** are 20.08.2026 upto 6 PM.

Sd/-
Block Development Officer
Manbazar-I Development Block
Memo No: 1126/ICA/PURU Dt-14/8/26.

সরবরাহ ও স্থাপন সংক্রান্ত কাজ

নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে:

ই-টেন্ডার নং. ঃ ডিবি২৬৫৫৪৮, তারিখ ঃ ০৬-০৮-২০২৬; আইটেম ১ ঃ পিএল কোড (গ্রুপ) ঃ ৪৫৯০৩৫০৬০০১৯; **বিবরণ** ঃ 'পাইরোজেন' মেক-এর টিএডি-আইএন মডেলের জন্য উপযোগী বিদ্যমান অ্যারোসল-ভিত্তিক অগ্নিনির্বাপক ব্যবস্থায় ৬৮ ডিগ্রি সেলসিয়াস থেকে ৭২ ডিগ্রি সেলসিয়াস কার্যকর তাপমাত্রার বাল্ব থার্মাল অ্যাকচুয়েটর/থার্মাল হেড সরবরাহ এবং স্থাপন। [ওয়ারেন্টির মেয়াদ: সরবরাহের তারিখ থেকে ৩০ মাস]; **মোট পরিমাণ** ঃ ৫৪৬১ টি;

বায়না মূল্য ঃ ৫,৭৯,৯৬০/- টাকা; ই-টেন্ডার **বন্ধের** তারিখ ও সময়: ০৪-০৯-২০২৬ তারিখ ১৪:৩০ টায়;

বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে আইআরইপিএস ওয়েবসাইট **https://www.ireps.gov.in** দেখুন।

ডেপুটি সিএমএম/ডিবিআরটি
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

বোমা উদ্ধার

নিজস্ব প্রতিনিধি, বীরভূম, ১৪ আগস্ট ঃ এক তৃণমূল কর্মীর বাড়ি থেকে উদ্ধার হল ২০ টি তাজা বোমা। বোমা গুলি উদ্ধার করা হয়েছে বীরভূমের মল্লারপুর থানার কোট গ্রামে কাজি জহিরুদ্দিনের বাড়ি থেকে। বৃহস্পতিবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ বাড়িটিকে ঘিরে ফেলে। এরপরেই বাড়ির চিলেকোঠা থেকে তিনটি মাটির কলসি থেকে বোমাগুলি উদ্ধার করে পুলিশ। বিকেলের দিকে বম্ব স্কোয়াড গ্রামের বাইরে জঙ্গলের মধ্যে বোমা গুলি নিষ্ক্রিয় করে। জহিরুদ্দিনের স্ত্রী লুতফুল নেশা বিবি বলেন, মাস ছয়েক থেকে আমরা গ্রাম ছাড়া ছিলাম। এখনও স্বামী গ্রামে ফিরতে পারিনি। বৃহস্পতিবার রাতে পুলিশ এসে বাড়ি তল্লাশি করার সময় বোমা গুলি দেখতে পায়। আমরা আগে সিপিএম করতাম। এখন বিজেপি করি। তৃণমূলের লোকজন বাড়িতে বোমা রেখে যেতে পারে। গ্রামের বাসিন্দা নিহত জাকির হোসেনের ছেলে মহম্মদ নাসিম উদ্দিন বলেন, কাজি জহিরুদ্দিন তৃণমূলের হার্মাদ বাহিনী। ২০২১ সালে ওর নেতৃত্বে আমার বাবাকে খুন করেছে। ওর কাজ হল বোমা, পিস্তল বিক্রি করা। প্রাক্তন বিধায়ক তৃণমূলের অভিজিত রায়ের হয়ে এলাকা দখল করে বেড়াত। ওই বোমা আমাদের উপর আক্রমণের জন্য মজুত রেখেছিল।

বিজ্ঞপ্তি

আমার মক্কেল ১) বিশ্বজিত দত্ত,২)সুমন কুমার দাস, ৩) শুভ্রনীল ভটক একত্রে ০৩৬৯৮ / ২০২৬ (DSR হাওড়া ১) দলিল মূলে ক্রয় করিয়া চেন মারফত জাহানারা বেগম দিগর এর পক্ষে নিযুক্ত আমমোক্তার জয়ন্ত মিত্র মহাশয় থেকে (DSR হাওড়া ১) রেজিস্ট্রিকৃত ৩৩৯৫ / ২০২৫ নং আমমোক্তার নামা দলিল দ্বারা থানা ডোমজুড়, মৌজা বাইগাছি হাল এল.আর. খতিয়ান ৩৬৮, ও অন্যান্য, হাল ও সাবেক ১৬৫ নং দাগে ৪৬.২৫ শতক এর মধ্যে ১০.৬০ শতক জমি নাম পত্তনের আবেদন করেন। উক্ত বিষয়ে কাহারও কোন আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ১(এক)মাসের মধ্যে সংশ্লিষ্ট B.L.&.L.R.O. DOMJUR অফিস এর নিকট আপীল করতে পারেন। অন্যথায় আইনানুগ কার্য্য গ্রহণ করা হইবে।

মিউটেশন আবেদনকারী রায়তের নামঃ **নুপুর দাস, পিতা- রতন দাস**
আমোক্তারনামা দাতাঃ **অভিজিৎ রায়, শুভ্রজিৎ রায়, পিতা- প্রেমতোষ রায়**
ঠিকানাঃ **বামন পাড়া, কোতয়ালি, জলপাইগুড়ি**
গ্রহীতাঃ
আমোক্তারনামা নং ও সনঃ ——— নং বহি **I-853** নং বহি
আমোক্তারনামা বলে দলিল নং ও সনঃ **21.02.2023**
নামজারি কেস নংঃ **MN/2026/0702/7243**
উক্ত আমোক্তারনামা বলে দলিল অনুযায়ী উপরোক্ত মিউটেশন এর বিষয়ে বক্তব্য / আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশ হবার একমাসের মধ্যে সদর সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে লিখিত আকারে তা পেশ করবেন। অন্যথায় আইন অনুযায়ী আবেদনটি নিষ্পত্তি করা হবে।
দলিলে বর্ণিত তপশিল সম্পত্তির বিবরণ পরিমাণ এবং খতিয়ান সহ ক্রেতা/ গ্রহীতা ও বিক্রেতা/ দাতার নাম ও ঠিকানা নিম্নরূপঃ
মৌজা-খড়িয়া, সিট- 26, দাগ নং. 339, খতিয়ান 4318 পরিমান 0.0390
(আদেশ নং- ১০০০- I.S./২২/২০২৪ তারিখ ২৭.০২.২০২৪ অনুসারে বিজ্ঞপ্তি, পশ্চিমবঙ্গ সরকার ভূমি ও ভূমি সংস্কার ও শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন দপ্তর দ্বারা বলবৎকৃত)
বিজ্ঞপ্তি দাতার নামঃ **নুপুর দাস**
পিতা ঃ রতন দাস
ঠিকানাঃ বামনপাড়া, কোতয়ালি, জলপাইগুড়ি

বিজ্ঞপ্তি

শ্রী গৌরপদ সরকার, পিতা-প্রয়াত গুরুবার সরকার, পাওয়ার অফ অ্যাটর্নি হোল্ডার হিসেবে শ্রীমতী করুণা যাদব, স্বামী-শ্রী গর্জু যাদব, এর পক্ষে উক্ত সম্পত্তি বিক্রয়ের জন্য আইনগতভাবে ক্ষমতাপ্রাপ্ত। উক্ত সম্পত্তির বিবরণ নিম্নরূপ- মৌজা- বাসাই, জে. এল. নং- ২ থানা- উত্তরপাড়া, এল. আর. দাগ নং. ১৪৪৬, এল. আর. খতিয়ান নং. ১৬১১, ব্লক- শ্রীরামপুর, জেলা- হুগলি, জমির পরিমাণ- ১ কাঠা ৮ ছটাক
উক্ত সম্পত্তি সংক্রান্ত রেজিস্টার্ড দলিল নং ১০২১৮৬, এ.ডি.এস.আর., উত্তরপাড়া, পৃষ্ঠা নং ৬৯৪২১ থেকে ৬৯৪৪৪, ভলিউম নং ০৬২১ / ২০২৪, তারিখ ২৯.০৪.২০২৪, এবং রেজিস্টার্ড পাওয়ার ডিড নং ০৬২১০৬১৮০, এ.ডি.এস.আর., উত্তরপাড়া, ভলিউম নং ০৬২১ /২০২৩, পৃষ্ঠা নং ২০৮২১ থেকে ২০২৩১, তারিখ ২৪.১১.২০২৩ অনুযায়ী উক্ত সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত হয়েছে।
ক্রেতাদের নাম
১। SUBHA HALDER
২। SUPARNA HALDER
উপরোক্ত দুই ব্যক্তি উক্ত সম্পত্তির ক্রেতা। উক্ত সম্পত্তি বা উপরোক্ত লেনদেন সম্পর্কে কারও কোনো আপত্তি, দাবি বা স্বত্ব থাকলে, এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় প্রমাণপত্রসহ বি.এল. অ্যান্ড এল.আর.ও., শ্রীরামপুর, হুগলি-এর নিকট লিখিতভাবে জানাতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোনো আপত্তি পাওয়া না গেলে, পরবর্তী আইনগত কার্যক্রম সম্পন্ন করা হবে।

GOVERNMENT OF WEST BENGAL
Irrigation & Waterways Directorate

SNIT No. : 10/EE/MDD-I/2026-27 under MDD-I is hereby invited by the undersigned on behalf of the Governor of West Bengal from eligible bonafide contractors for 2 (Two) Nos. emergent works related to Store & Supporting Staff rooms and outdoor kitchen including toilet at the Irrigation Bungalow in Salt Lake amounting to **Rs.35.71 Lakhs & Rs.27.90 Lakhs** respectively.

Last date and time of application of SNIT is **19.08.2026** up to **12:00 Hrs**. Other details may be seen in the website : **https://iwd.wb.gov.in** and in the office of the undersigned.

Sd/- Executive Engineer
Metropolitan Drainage Division No.-I
Jalasampad Bhavan, 4th Floor, Kol.-91

PWD (GOVT. OF WB) TENDER NOTICE

Executive Engineer, PWD, Howrah Division invites online Tender for the works :

1) Emergent Repairing and Renovation of Office Chamber and Court Room of Ld. Civil Judge Sr. Division, 1 COURT, HOWRAH during the year 2026-27.
Estimated Amount Put to Tender : **Rs.2,33,535/-**.

2) Emergent Repairing, Reorientation and modification of Female & Male Advocate washrooms including installation new sanitary & plumbing fittings with some other ancillary works at 1st floor of Civil Court Building under District & Sessions Court, Howrah during the year 2026-27.
Estimated Amount Put to Tender : **Rs.4,99,652/-**

3) Emergent repairing, Reorientation and Renovation for creation of separate toilet for male litigant and one number of female litigant washroom at existing male public Toilet and some other allied works at Civil court Premises, Howrah during the year 2026-27.
Estimated Amount Put to Tender : **Rs.6,34,080/-**

N.I.e.T. No. : **WBPWD/EE/HD/NIeT_30/2026_2027**
Tender ID : **2026_WBPWD_ 5018789 _1/2/3**

Bid Submission Start Date (online) : **15.08.2026** up to **10:00 A.M**, Bid Submission End Date (online) : **22.08.2026** up to **13.30 P.M**.

Corrigendum if any will be published in website only. Details of NIT and Tender documents may be downloaded from : **https://tenders.wb.gov.in**

Sd/-
Executive Engineer, Howrah Division, PWD

Billagram Gram Panchayat
Belari, Purba Bardhaman
Ausgram-I Panchayat Samity
Notice Inviting e-Tender/NIT No. 254/2026-27, Dt: 14/08/2026

Invites e-tender for the work: Const. of Cement Concrete Road. Date of Opening of Financial proposal (online): 24/08/2026 at 12.00pm. For details visit **http://wbtenders.gov.in**

Sd/- Prodhan
Billagram Gram Panchayat

বিজ্ঞপ্তি

আমার মক্কেল সেখ আফসারী স্বামী- সেখ নিজামউদ্দিন গত ইংরাজী ২১.০৫.২০২৬ তারিখে এ.ডি.এস.আর হাওড়ায় ৪৮৬৬ নং দলিল দ্বারা একসরা মৌজায়, জে.এল-০৪. এল. আর ২২১ ও ২৫৭ নং খতিয়ানে এল. আর ১১ নং দাগের অংশে জমি খরিদ করিয়াছেন, যাহার আমমোক্তার বদরেদোজা মল্লিক এবং দলিল নং- ১২৫৫৪, বুক-১, ইংরাজী ০৫।১২।২০২৩ তারিখে, উক্ত জমির নাম খারিজ করিতে উক্ত মক্কেলের বিরুদ্ধে আপত্তি থাকিলে যথাশীঘ্র বি.এল. আর ও বালি জগাছা ব্লকে অবগত করা হইবে।

বিনীত
Abhisek Roy
Advocate
JUDGES COURT, HOWRAH

মিউটেশন আবেদনকারী রায়তের নামঃ **শ্রী রিপন দে**
আমোক্তারনামা দাতাঃ **শ্রী উৎপল দে, পিতা- হিমাংশু দে**
ঠিকানাঃ **কৃষিবাগান পাড়া, পোঃ ধাপগঞ্জ**
গ্রহীতাঃ
আমোক্তারনামা নং ও সনঃ ০৭০২০১৯২২ নং বহি ০১ নং বহি
আমোক্তারনামা বলে দলিল নং ও সনঃ **2215/26**
নামজারি কেস নংঃ **MN/2026/0702/7121**
উক্ত আমোক্তারনামা বলে দলিল অনুযায়ী উপরোক্ত মিউটেশন এর বিষয়ে বক্তব্য / আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশ হবার একমাসের মধ্যে সদর সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে লিখিত আকারে তা পেশ করবেন। অন্যথায় আইন অনুযায়ী আবেদনটি নিষ্পত্তি করা হবে।
দলিলে বর্ণিত তপশিল সম্পত্তির বিবরণ পরিমাণ এবং খতিয়ান সহ ক্রেতা/ গ্রহীতা ও বিক্রেতা/ দাতার নাম ও ঠিকানা নিম্নরূপঃ
বিক্রেতা- শ্রী সাধন মন্ডল, পিতা- চিত্তরঞ্জন মন্ডল, সুভাষ পল্লী, বীরপাড়া চা বাগান পোঃ, থানা- বীরপাড়া, জেলা- জলপাইগুড়ি, মৌজা-মন্ডলঘাট, সিট নং ২ আর.এস. ৪৬৯ নং দাগের এল. আর ১০৯০ (আদেশ নং- ১০০০- I.S./২২/২০২৪ তারিখ ২৭.০২.২০২৪ অনুসারে বিজ্ঞপ্তি, পশ্চিমবঙ্গ সরকার ভূমি ও ভূমি সংস্কার ও শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন দপ্তর দ্বারা বলবৎকৃত)
বিজ্ঞপ্তি দাতার নামঃ **শ্রী রিপদ দে**
